

🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫:১৫

💵 আরবি মূল আয়াত:

لَقَالُوا إِنَّمَا سُكِّرَت اَبِصَارُنَا بَل نَحنُ قَومٌ مَّسحُورُونَ ﴿١٥﴾

তবুও তারা বলত, নিশ্চয় আমাদের দৃষ্টি কেড়ে নেয়া হয়েছে, বরং আমরা তো যাদুগ্রস্ত সম্প্রদায়। — আল-বায়ান তারা অবশ্যই বলত, 'আমাদের চোখকে বাঁধিয়ে দেয়া হয়েছে, বরং আমাদের উপর যাদু করা হয়েছে।' — তাইসিরুল তবুও তারা বলবেঃ আমাদের দৃষ্টি সম্মোহিত করা হয়েছে; না, বরং আমরা এক যাদুগ্রস্ত সম্প্রদায়। — মুজিবুর রহমান They would say, "Our eyes have only been dazzled. Rather, we are a people affected by magic." — Sahih International

১৫. তবুও তারা বলবে, আমাদের দৃষ্টি সম্মোহিত করা হয়েছে; না, বরং আমরা এক জাদুগ্রস্ত সম্প্রদায়।

তাফসীরে জাকারিয়া

- (১৫) তবুও তারা বলবে, 'আমাদের দৃষ্টিভ্রম ঘটানো হয়েছে; বরং আমরা এক যাদুগ্রস্ত সম্প্রদায়।' [1]
 - [1] তাদের কুফরী ও বিরুদ্ধাচরণ এমন পর্যায়ে পৌঁছে গিয়েছিল যে, ফিরিশতা অবতীর্ণ হওয়া তো দূরের কথা, যদি তাদের জন্য আকাশের দরজা খুলে দেওয়া হয় এবং তারা সেই দরজা দিয়ে আকাশে যাওয়া-আসা শুরু করে, তবুও তাদের চক্ষুতে বিশ্বাস হবে না এবং রসূলগণকে সত্যবাদী বলে মেনে নেবে না। বরং তারা বলবে, আমাদের চোখে বা আমাদের উপর যাদু করা হয়েছে, যার কারণে আমাদেরকে এরকম মনে হচ্ছে যে, আমরা আকাশে আসা যাওয়া করছি; অথচ এমনটি নয়!

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=1817

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন